# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১৮, ২০১১

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

প্রজ্ঞাপন

তারিখ, ৯ শ্রাবণ ১৪১৮/২৪ জুলাই ২০১১

এস, আর, ও নং ২৫০-আইন/২০১১।—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স প্রবিধানমালা, ২০০৬ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত প্রবিধানমালার—

(১) তফসিল-ক এর "(১) আবেদন ফিস (বিভিন্ন ধরনের সেবা সংক্রান্ত আবেদন ফি)" সংক্রান্ত ছক এর প্রথম কলামের—

(ক) ক্রমিক নং ১ এর বিপরীতে দ্বিতীয় কলামে এন্ট্রি "(ii) ক্যাপটিভ বা ক্ষুদ্র" সংখ্যা, বন্ধনীগুলি ও শব্দগুলির পরিবর্তে "(ii) ক্যাপটিভ বা ক্ষুদ্র (সিপিপি/এসপিপি)" সংখ্যা, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে, এবং অনুরূপ প্রতিস্থাপিত এন্ট্রির বিপরীতে চতুর্থ কলামে "টাকা ১,০০০ (এক হাজার)" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীগুলি সংযোজিত হইবে;

(খ) ক্রমিক নং ৪ এর বিপরীতে দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ কলামের এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| "লাইসেন্সের শর্ত হইতে অব্যাহতি | (ক) | ক্যাপটিভ ও ক্ষুদ্রায়তন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র | সকল প্রকার | টাকা ১,০০০ (এক হাজার |
| | (খ) | অন্যান্য | সকল প্রকার | টাকা ২,০০০ (দুই হাজার |

(২) তফসিল-খ এর "বার্ষিক লাইসেন্সিং ফিস্" সংক্রান্ত ছক এর প্রথম কলামের ক্রমিক নং ১ এর বিপরীতে দ্বিতীয় কলামের—

(ক) এন্ট্রি "(ii) ক্যাপটিভ বা ক্ষুদ্র" এবং তদ্‌বিপরীতে তৃতীয় ও চতুর্থ কলামের এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| "(ii) ক্যাপটিভ বা ক্ষুদ্র (সিপিপি/ এসপিপি)" | ৩। | (ক) | লাইসেন্স ফি | টাকা ৫,০০০ (পাঁচ হাজার |
| | | (খ) | বার্ষিক লাইসেন্স নবায়ন ফিস | টাকা ২,০০০ (দুই হাজার |

(খ) এন্ট্রি "(গ) বিতরণ" এবং তৎসংক্রান্ত তৃতীয় ও চতুর্থ কলামের এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন এন্ট্রিসমূহ সংযোজিত হইবে; যথা ঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| "(ঘ) | বাল্ক বিদ্যুৎ বিক্রয় [ক্যাপটিভ ও ক্ষুদ্রায়তন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র (সিপিপি এবং এসপিপি) হইতে] | ১। | লাইসেন্স ফি | টাকা ২,০০০ (দুই হাজার |
| | | ২। | বার্ষিক লাইসেন্স নবায়ন ফি | টাকা ৫০০ (পাঁচশত) প্রতি মেগাওয়াট"। |

কমিশনের আদেশক্রমে

**সৈয়দ ইউসুফ হোসেন**
চেয়ারম্যান।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd